



প্যারেন্ট টিচার কনফারেন্সে যেসব প্রশ্ন করতে হবে

- এই গ্রেডে আমার সন্তান কী শিখবে, জানবে এবং করবে বলে প্রত্যাশা করা হয়? এটা কীভাবে মূল্যায়ন করা হবে?
- এ বছর আপনার আপনার ক্লাসে আমার সন্তান কী কী বড় প্রজেক্ট করবে? সারা বছর আমি কীভাবে জানব আমার সন্তান গ্রেড স্লের প্রত্যাশা পূরণ করছে?
- আমার সন্তান কোন কাজগুলো ভাল করে এবং কোন কাজগুলোয় তার সমস্যা হয়? আপনি আমাকে উদাহরণ দিতে পারেন কি?
- আমার সন্তানের যদি কোন বিষয়ে বাড়তি সাহায্য দরকার হয় বা সে বিষয়টি সম্পর্কে আরও জানতে চায়, তাহলে ক্লাসরুমের বাইরে তাকে লেখাপড়ায় সাহায্য করার জন্য কোন সহায়তা ব্যবস্থা আছে কি? আপনি আমাকে উদাহরণ দিতে পারেন কি?
- আপনি এ বছর শিক্ষার্থীদের মধ্যে কমন কোর স্ট্যান্ডার্ড চালু করবেন কীভাবে?
- আমার সন্তান ঠিক সময়ে হোমওয়ার্ক জমা দেয় কি?
- আমার সন্তান স্কুলে খুশি থাকে কি? আমার সন্তান তার সহপাঠী এবং বয়স্কদের সাথে কতটা মানিয়ে চলে?
- আমার সন্তান ক্লাসের আলোচনায় এবং কাজে অংশগ্রহণ করে কি? আমার সন্তানকে তার কাজে আরও বেশি পারদর্শী করার জন্য কোন ব্যবস্থা আছে কি?
- আমার সন্তান স্কুলে যা শিখছে তা আরও স্থায়ী করার জন্য আমি বাড়িতে কী সাহায্য করতে পারি?
- আপনাকে আমি ক্লাসরুমে বা স্কুলকে সাহায্য করার কোন উপায় আছে কি?